রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

ভূমি শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ শ্রাবণ ১৪২০ /২৫ জুলাই ২০১৩

নং ৫৪.০০.০০০০.০০৯.৩১.০০৭.১০-২৬৬—বাংলাদেশ রেলওয়ের বিজ্ঞাপন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য প্রণীত "বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন নীতিমালা-২০১৩" বাংলাদেশ গেজেটে এতদ্‌সঙ্গে প্রকাশ করা হলো।

মোঃ আসাদুজ্জামান
সহকারী সচিব।



মূল্য ঃ টাকা ১৬.০০

বাংলাদেশ রেলওয়ে

জনসংযোগ বিভাগ

## বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন নীতিমালা-২০১৩

**১.০ শিরোনাম :**

এই নীতিমালা "বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন নীতিমালা-২০১৩" নামে অভিহিত হইবে।

**১.০১ উদ্দেশ্য :**

জননিরাপত্তা এবং জনসাধারণ ও যানবাহনের স্বাভাবিক চলাচলে কোনরূপ প্রতিবন্ধকতা সৃষ্টি না করিয়া পরিবেশ বান্ধব মান রক্ষা করিয়া রেল/যানবাহনের দৃষ্টিগত প্রতিবন্ধকতার সৃষ্টি না হয় এমন ভূমি বা ভবনের দেওয়াল বা ছাঁদে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের মাধ্যমে রেলওয়ে অঙ্গন ও সংশ্লিষ্ট এলাকার নান্দনিক সৌন্দর্য্য বৃদ্ধি ও রাজস্ব আয় বৃদ্ধিকরণ।

**১.০২ পরিধি :**

এই নীতিমালা কেবলমাত্র বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন ভূমি ও স্থাপনায় বিভিন্ন ধরনের বিজ্ঞাপন প্রচারের কাজে বরাদ্দের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

**২.০০ সংজ্ঞা :**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়;

(ক) 'রেলওয়ে' অর্থ বাংলাদেশ রেলওয়ে;

(খ) 'কর্তৃপক্ষ' অর্থ রেলপথ মন্ত্রণালয়ের সচিব বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা এই নীতিমালায় বর্ণিত ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।

(গ) 'জনসংযোগ বিভাগ' বলিতে বাংলাদেশ রেলওয়ের জনসংযোগ দপ্তর;

(ঘ) 'কমিটি' অর্থ এই নীতিমালার অধীন বিজ্ঞাপন বোর্ডের আবেদন বিবেচনা ও সুপারিশ, বিজ্ঞাপন বোর্ড স্থাপনের স্থান ও বার্ষিক ভাড়া নির্ধারণের জন্য গঠিত কমিটি;

(ঙ) 'ফরম' অর্থ এই নীতিমালার সাথে সংযোজিত ফরম;

(চ) 'সাময়িক বা অস্থায়ী বরাদ্দ প্রাপক' অর্থ বিজ্ঞাপন প্রদর্শনের জন্য সাময়িক বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি বা ইজারা গ্রহীতা;

(ছ) 'বিজ্ঞাপন সাইন' অর্থ বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন ভূমি বা স্থাপনার উপর বিধি বিধান অনুসারে কোন ব্যবসা বা পণ্যের প্রচার সম্পর্কিত বিবরণ;

(জ) 'বিজ্ঞাপন বোর্ড/ফলক' বলিতে আংশিক বা সম্পূর্ণভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে স্থাপিত আলোকিত হউক বা না হউক যে কোন শব্দ, অক্ষর, নোটিশ, ঘোষণা, মডেল, প্লাকার্ড বোর্ড, ইউনিপোল, বিল বোর্ড, সাইন বোর্ড, ওভারহেড সাইন, ডিভাইস ইত্যাদিকে বুঝাইবে;

(ঝ) 'বিল বোর্ড/হোর্ডিং বোর্ড' বলিতে রেলওয়ে ভূমিতে, স্টেশন বিল্ডিং বা স্থাপনার দেওয়াল অথবা ছাদে স্থাপিত বিজ্ঞাপন বোর্ড বুঝাইবে;

(ঞ) 'মেগা সাইন' অর্থ ভূমিতে স্থাপিত T আকৃতির অথবা ফ্লাগ আকৃতির সাইন;

(ট) 'ইউনিপোল' অর্থ ভূমিতে স্থাপিত একটি স্বাধীন স্থাপনা যার সর্বোচ্চ অবস্থানে বিজ্ঞাপন প্রদর্শিত হইবে;

(ঠ) 'ওয়াল সাইন' অর্থ রেলওয়ের স্থাপনা বা ভবনসমূহের দেওয়ালে ব্যবসা প্রতিষ্ঠানের প্রদর্শিত সাইন;

(ড) 'ওভারহেড সাইন' অর্থ রেলওয়ে এলাকার সড়ক পথের উপর প্রচলিত ফুট ওভারব্রীজ এর অনুরূপ উচ্চতায় প্রদর্শিত বিজ্ঞাপন সাইন বুঝাইবে।

**৩.০০ বিজ্ঞাপন যাচাই-বাছাই কমিটি :**

৩.০১ সকল বিভাগীয়/মেট্রোপলিটন শহর এর জন্য পেশকৃত আবেদন যাছাই-বাছাই, বিবেচনা ও সুপারিশের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে কমিটি গঠিত হইবে :

| | | | |
|---|---|---|---|
| (ক) | অতিঃ মহাপরিচালক (এমএন্ডসিপি) | ঃ | আহ্বায়ক |
| (খ) | যুগ্ম- মহাপরিচালক (প্রকৌশল) | ঃ | সদস্য |
| (গ) | প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা/পূর্ব ও পশ্চিম (স্ব স্ব এলাকার জন্য) | ঃ | সদস্য |
| (ঘ) | যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) | ঃ | সদস্য |
| (ঙ) | সংশ্লিষ্ট ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার | ঃ | সদস্য |
| (চ) | পরিচালক (জনসংযোগ) | ঃ | সদস্য-সচিব |

৩.০২ কমিটির সুপারিশ অনুযায়ী মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন প্রস্তাব অনুমোদন করিবেন।

৩.০৩ বিভাগীয়/মেট্রোপলিটন শহর ব্যতীত অন্য সকল এলাকার জন্য পেশকৃত আবেদন বিবেচনা ও সুপারিশের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে কমিটি গঠিত হইবে :

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রধান বাণিজ্যিক কর্মকর্তা | ঃ | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার | ঃ | সদস্য |
| (গ) | সংশ্লিষ্ট অঞ্চলের বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা | ঃ | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট অঞ্চলের বিভাগীয় প্রকৌশলী | ঃ | সদস্য |
| (ঙ) | সংশ্লিষ্ট অঞ্চলের বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা | ঃ | সদস্য |
| (চ) | উপ-পরিচালক/সহকারী পরিচালক (জনসংযোগ) | ঃ | সদস্য-সচিব |

৩.০৪ কমিটির সুপারিশ বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট মহা-ব্যবস্থাপক চূড়ান্ত অনুমোদন প্রদান করিবেন।

৩.০৫ কমিটি কাজের সুবিধার্থে বাংলাদেশ রেলওয়ের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করিতে পারিবেন।

৪.০০ **আবেদন পত্রের নমুনা :** বিজ্ঞাপন বোর্ড স্থাপনের জন্য আবেদন পত্রের নমুনা (সংলগ্নী-১ দ্রষ্টব্য)।

৪.০১ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের জন্য বিভাগীয়/মেট্রোপলিটন শহর এলাকার জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং অন্য সকল এলাকার জন্য সংশ্লিষ্ট অঞ্চলের মহাব্যবস্থাপক বরাবর আবেদন দাখিল করিতে পারিবেন।

৫.০০ **আবেদন বাছাই :**

আবেদন বাছাইয়ের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কমিটি নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনা করিবে ঃ

(ক) বিধি অনুযায়ী আবেদন করা হইয়াছে কি না ?

(খ) বিবেচ্য স্থানটি বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন কিনা এবং বরাদ্দের জন্য নিষ্কন্টক কি না ?

(গ) আবেদিত স্থানে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পূর্বে বরাদ্দ দেওয়া আছে কি না ?

(ঘ) আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিজ্ঞাপন ভাড়া বাবদ কোন বকেয়া পাওনা আছে কি না ?

(ঙ) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে পূর্বে কোন অভিযোগ ছিলা কিনা কিংবা শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল কি না ?

(চ) এতদসংক্রান্ত সরকারি প্রচলিত আইন বিধির সাথে সাংঘর্ষিক কি না ?

(ছ) আবেদনের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতার মূল প্রত্যায়ন পত্র, হালনাগাদ (সর্বশেষ বৎসরের) ট্রেড লাইসেন্স, ভ্যাট, টিআইএন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সংযোজন করিতে হইবে।

(জ) আবেদনকারী কর্তৃক আবেদন পত্রের সাথে বিজ্ঞাপন বোর্ড স্থাপনার সংশ্লিষ্ট এলাকা চিহ্নিত করিয়া মৌজা ম্যাপসহ নির্মাণ কাঠামোর বিস্তারিত নকশাসহ পেশ করিতে হইবে।

৬.০০ **অনুমোদন :**

বিজ্ঞাপন কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৬.০১ **বাণিজ্যিক বিজ্ঞাপন বোর্ড বরাদ্দে বিবেচ্য শর্তাবলী :**

(ক) কোন ব্যক্তি প্রতিষ্ঠান আগ্রহী হইয়া নির্দিষ্ট ফরমে আবেদন করিলে বিধিমোতাবেক উক্ত আবেদন বাছাই ও যথাযথ অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৩(তিন) বৎসরের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপন/বিজ্ঞাপন প্রচারের অনুমতি দেওয়া হইবে।

(খ) প্রথম মেয়াদে ৩(তিন) বৎসর অতিক্রান্তের অন্তত: ৬(ছয়) মাস পূর্বে নতুনভাবে পরবর্তী ৩(তিন) বৎসরের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপনের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে দরপত্র আহবানের প্রক্রিয়া শুরু করিতে হইবে। বিধি মোতাবেক দরপত্র আহবানের পর নির্দিষ্ট সময়ের মধ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে দরপত্র পাওয়া না গেলে সেইক্ষেত্রে পূর্ববর্তী সময়ের লাইসেন্স ফি/দরের ১০% বর্ধিত হারে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে পরবর্তী ৩(তিন) বৎসরের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপন/বিজ্ঞাপন প্রচারের অনুমতি দেওয়া যাইবে।

(গ) প্রতি বৎসরের ১ জুলাই হইতে পরবর্তী বৎসরের ৩০ জুন পর্যন্ত বৎসর গণনা করিতে হইবে।

(ঘ) কোন ব্যক্তি প্রতিষ্ঠানকে ন্যূনতম ১(এক) বৎসরের কম সময়ের জন্য বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি দেওয়া যাইবে না।

(ঙ) কোন ব্যক্তি প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট এলাকার জন্য নির্ধারিত ন্যূনতম বিজ্ঞাপন মূল্যের সমান বা অধিক হার উল্লেখপূর্বক আবেদন করিতে হইবে।

(চ) কোন নির্দিষ্ট স্থানে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের জন্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান একাধিক হইলে সেইক্ষেত্রে সর্বোচ্চ লাইসেন্স ফি উদ্ধৃতকারীর আবেদন বিবেচনা করা যাইবে।

(ছ) আবেদনের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতার মূল প্রত্যয়ন পত্র, হালনাগাদ (সর্বশেষ বৎসরের) ট্রেড লাইসেন্স, ভ্যাট, টিআইএন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সংযোজন করিতে হইবে।

(জ) বিজ্ঞাপন বোর্ড রেল লাইন হইতে নিরাপদ দূরত্বে স্থাপন করিতে হইবে যাহাতে ট্রেন চলাচলে নিরাপত্তা বিঘ্ন না ঘটে ও ট্রেন চালক কারিগরি লোকের দৃষ্টি বাধাগ্রস্ত না হয়। বিজ্ঞাপন সাইন যেই উচ্চতায় স্থাপিত হইবে সেই উচ্চতার পরিমাপের সহিত আরো ৭(সাত) ফুট যোগ করিলে যে পরিমাপ দাড়াঁইবে রেললাইনের কেন্দ্র (সেন্টার লাইন) হইতে ন্যূনতম সেই দূরত্বে বিজ্ঞাপন বোর্ড স্থাপন করিতে হইবে। যাহাতে বিজ্ঞাপন বোর্ড কোন কারণে ভাঙ্গিয়া গেলে যেন ট্রেনের উপর না পড়ে এবং কোন ধরনের দুর্ঘটনা না ঘটে। প্রতি মাসে নতুন স্থাপিত বিজ্ঞাপন বোর্ডের একটি তালিকা সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীর নিকট প্রেরণ করিতে হইবে।

(ঝ) কর্তৃপক্ষ যথাযথ কারণ প্রদর্শনপূর্বক জনস্বার্থে সময়সীমা অতিক্রান্ত হইবার পূর্বেই অনুমোদন বাতিল করিতে পারিবে এবং বিজ্ঞাপন বোর্ডের অনুমোদন প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিতে বাধ্য থাকিবে। তবে শর্ত থাকিবে যে, এইক্ষেত্রে বরাদ্দ প্রাপককে বিজ্ঞাপন বোর্ড সরাইবার নোটিশ প্রদানের ১৫ দিনের মধ্যে অপসারণ কাজ সম্পন্ন করিতে হইবে।

(ঞ) কোন স্থানের ঐতিহাসিক বা পুরাকীর্তি বা আদি সৌন্দর্য বিঘ্নিত করিয়া অথবা অন্য কোন প্রতিষ্ঠানের বা সংস্থার কোনরূপ অসুবিদা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া বিজ্ঞাপন বোর্ড স্থাপন করা যাইবে না। ইহা ছাড়া সংশ্লিষ্ট স্থানের প্রাকৃতিক বা পরিবেশগত সৌন্দর্য বিঘ্নিত হয় এমন স্থান বিজ্ঞাপনের জন্য বিবেচনা করা যাইবে না।

(ট) বিজ্ঞাপন বোর্ড স্থাপনে কোন মহাসড়ক বা সড়কে নিরাপদে যানবাহন চলাচলে দৃষ্টিগত প্রতিবন্ধকতার সৃষ্টি করে এমন স্থান বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেওয়া যাইবে না। এ ক্ষেত্রে প্রকৌশল, সিগনাল ও মেকানিক্যাল বিভাগের মতামত গ্রহণ করিতে হইবে।

(ঠ) বিজ্ঞাপন বোর্ডের নিম্নাংশে যে কোন কর্ণারে নিজ প্রতিষ্ঠান/সংস্থার নাম, লোগো ও ফোন/মোবাইল নম্বর মুদ্রণ করতে হইবে, অন্যথায় তাহা অবৈধ হিসাবে বিবেচিত হইবে।

(ড) ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে বা জনমনে কোন ঘৃণা/লজ্জার উদ্রেক হয় বা উত্তেজনার সৃষ্টি হয় কিংবা অন্য কোন প্রতিষ্ঠানের ভাবমূর্তি/মান ক্ষুণ্ণ হয় এমন কোন বক্তব্য, ছবি বা দৃশ্য বিজ্ঞাপন সাইনে স্থাপন করা যাইবে না।

(ঢ) বরাদ্দ অনুযায়ী নির্দিষ্ট পরিমাপের বিজ্ঞাপন বোর্ড স্থাপন করিতে হইবে।

(ণ) বরাদ্দ গ্রহীতা প্রতিষ্ঠান/সংস্থা এই নীতিমালার প্রতিটি শর্ত পালনে বাধ্য থাকিবেন।

**৬.০২ অনুমোদন মঞ্জুর অথবা বাতিল :**

কর্তৃপক্ষ আবেদনপত্র মঞ্জুর বা আংশিক মঞ্জুর বা বাতিল করিবার বা ক্ষেত্র বেদে বিশেষ শর্ত আরোপসহ মঞ্জুর করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

**৭.০০ কাঠামোগত মৌলিক পরিবর্তন নিষিদ্ধ :**

(ক) বাংলাদেশ রেলওয়ের যথাযথ কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ছাড়া বরাদ্দ গ্রহীতা বিজ্ঞাপন বোর্ডের কাঠামোগত কোন মৌলিক পরিবর্তন করিতে পারিবে না।

(খ) অনুমোদিত বিজ্ঞাপন সাইনের মালিকানা পরিবর্তন করা অথবা সাবলেট দেওয়া যাইবে না।

(গ) ভবিষ্যতে বিজ্ঞাপন বোর্ডের প্রচারণায় কোন রকম পরিবর্তন অথবা বিজ্ঞাপন বোর্ডের কোন ধরনের পরিবর্তন বা স্থানান্তরের ক্ষেত্রে বাংলাদেশ রেলওয়ের বিজ্ঞাপন কমিটির সুপারিশ ও অনুমোদনকারী কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থা নিতে হইবে।

**৮.০০ অনিরাপদ ও বেআইনী সাইন :**

**৮.০১ দায়বদ্ধতা :**

(ক) বিজ্ঞাপন সাইনের জন্য অনুমোদিত ব্যক্তি বা সংস্থা বা প্রতিষ্ঠান বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষের কোন প্রকার সহায়তা ছাড়াই সাইনের নিরাপত্তা নিশ্চিত করিবে।

(খ) প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোন কারণে বিজ্ঞাপন বোর্ড/বিলবোর্ড ভাঙ্গিয়া পড়িলে বা ক্ষতিগ্রস্ত হইলে বিজ্ঞাপন সাইন এর বরাদ্দ গ্রহীতা ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থার নিজ খরচে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে অপসারণ/পুনঃস্থাপন করিবে। অন্যথায় বাংলাদেশ রেলওয়ে উক্ত বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিবে এবং ইহার মালামাল জব্দ করিবে। ইহার জন্য সকল ক্ষতিপূরণ বরাদ্দ গ্রহীতা ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে ;

(গ) রেলওয়ে স্থাপনায় (বিল্ডিং, বিল্ডিং এর দেয়াল, ছাঁদ, প্লাটফরম, ফুট ওভারব্রীজ ইত্যাদি) স্থাপিত বিজ্ঞাপন বোর্ড/বিল বোর্ড এর কারণে ঐ সকল স্থাপনা এবং স্থাপনার সুপার স্ট্রাকচারের কোন ক্ষতি হইলে উক্ত ক্ষতির জন্য সংশ্লিষ্ট বিজ্ঞাপন বোর্ড/বিল বোর্ড স্থাপনকারী প্রতিষ্ঠান ক্ষতিপূরণ প্রদান করিতে বাধ্য থাকিবে ;

(ঘ) বিজ্ঞাপন প্রচারের মেয়াদ শেষ হওয়ার দিন বিজ্ঞাপন বরাদ্দ গ্রহীতা নিজ খরচে বিজ্ঞাপনী মালামাল অপসারণ করিবেন। বরাদ্দ গ্রহীতা মেয়াদ উত্তীর্ণের ৭(সাত) দিনের মধ্যে উহা অপসারন না করলে রেলওয়ে কর্তৃক নিজস্ব উদ্যোগে বিজ্ঞাপন বোর্ড অপসারণ করা হইবে এবং অপসারণ বাবদ যাবতীয় খরচ জামানত বাবদ প্রদত্ত অর্থ হইতে সমন্বয় করা হইবে।

**৮.০২ নিষিদ্ধ সাইন :**

নিম্নবর্ণিত বিজ্ঞাপন সাইন অনুমোদনের জন্য বিবেচিত হইবে না ঃ

(ক) অশ্লীল, কুৎসিত, বিরক্তিকর, অমার্জিত, বীভৎস অথবা আপত্তিজনক সাইন;

(খ) সাইনে এমন বাণী প্রদর্শনকরিবে না যা রাষ্ট্রের জন্য ক্ষতিকর বা ধ্বংসকারক বলিয়া বিবেচিত হইবে;

(গ) জনগণের বা বিশেষ শ্রেণীর ব্যক্তির অনুভূতির বা বিশ্বাসের উপর আঘাত হানিতে পারে বা বিরূপ প্রভাব ফেলিবে এমন সাইন;

(ঘ) কোন গোষ্ঠীর ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন সাইন;

(ঙ) তামাক পণ্য সংক্রান্ত কোন সাইন;

(চ) সরকারি আইন বিধি ভঙ্গ করে এমন সাইন।

**৯.০০ রাস্তা সংলগ্ন বিজ্ঞাপন সাইনের ক্ষেত্রে বিধি নিষেধ :**

নিম্নে বর্ণিত ক্ষেত্রে রাস্তার উপর বা নিকটে কোন বিজ্ঞাপন সাইন/বিল বোর্ড স্থাপন করা যাইবে না ঃ

(ক) রাস্তার মোড়, ইন্টারসেকশন অথবা যানবাহন বা জন চলাচল এর দৃষ্টি বাধাগ্রস্ত করে।

(খ) রেলওয়ে লেভেলক্রসিং, ব্রীজ অথবা ইন্টারসেকশন হইতে কমপক্ষে ৫০ ফুট দূরত্বের মধ্যে।

(গ) কোন অফিসিয়াল ট্রাফিক সাইনকে আড়াল করে।

**১০.০০ আলোকিত ডিসপ্লের ক্ষেত্রে বিজ্ঞাপন সাইনের বিধিনিষেধ :**

(ক) ট্রাফিক সেফটির প্রতি প্রতিবন্ধকতা সৃষ্টিকারী আলোকিত বিজ্ঞাপন সম্পূর্ণরূপে নিষিদ্ধ;

(খ) আলোকিত বা বৈদ্যুতিক বিজ্ঞাপন যাহার আলোকচ্ছটা/তীব্রতা যানবাহনের চালক এবং পথচারীর দৃষ্টিকে বিভ্রান্ত করে;

(গ) ফ্লাসিং বিজ্ঞাপন অথবা তীব্র উজ্জ্বলতা বিশিষ্ট অবিরাম বাতির বিজ্ঞাপন;

(ঘ) বিভিন্ন বর্ণিল, উজ্জ্বলতার অথবা ফ্লাশসমৃদ্ধ বিজ্ঞাপন যা অফিসিয়াল ট্রাফিক লাইট, ট্রাফিক সিগন্যাল প্রভৃতির দৃষ্টি গোচরে বাধার সৃষ্টি করে অথবা উহাদের কার্যকারিতা হ্রাস করে।

**১১.০০ কারিগরি নির্দেশনা :**

বিজ্ঞাপন বোর্ড/বিল বোর্ড নির্মাণ ও স্থাপনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় রাখিতে হইবে ঃ

(ক) সকল বিজ্ঞাপন সাইন ও তাহার ভিত্তি এবং সংযোগ শক্ত, মজবুত ও ভূমিকম্প সহনীয় হইতে হইবে, ডিজাইন কাঠামো অবশ্যই উচ্চ মাত্রার বাতাস (ঝড়) সহ্যক্ষম হইতে হইবে;

(খ) বিজ্ঞাপন সাইন অবশ্যই অদাহ্য পদার্থ বা উপকরণের দ্বারা তৈরি হইতে হইবে;

(গ) বিলবোর্ড এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৪০ ফুট প্রস্থে ২৫ ফুট এবং ভূমি (ভিত্তি) হইতে সর্বোচ্চ ২৫ ফুট উঁচু হইতে হইবে;

(ঘ) ইউনিপোল এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৩০ ফুট প্রস্থে ১৫ ফুট এবং ভূমি (ভিত্তি) হইতে সর্বোচ্চ ২৫ ফুট উঁচু হইতে হইবে;

(ঙ) মগাসাইন এর সর্বোচ্চ পরিমাপ দৈর্ঘ্যে ৬ ফুট প্রস্থে ৪ ফুট এবং ভূমি (ভিত্তি) হইতে সর্বোচ্চ ১৫ ফুট উঁচু হইতে হইবে;

(চ) ওভারহেড সাইন এর উচ্চতা প্রচলিত ফুট ওভারব্রীজ এর অনুরূপ তবে ভূমি হতে ন্যূনতম ২০ ফুট উঁচুতে, দৈর্ঘ্য রাস্তার পরিমাপ অনুযায়ী এবং প্রস্থ সর্বোচ্চ ৫ ফুট হইতে হইবে।

**১২.০০ রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন :**

**১২.০১ রক্ষণাবেক্ষণ :**

বিজ্ঞাপন সাইন এবং এতদসম্পর্কিত স্থাপনার বিভিন্ন উপকরণ নিখুঁতভাবে নিজ দায়িত্বে রক্ষণাবেক্ষণ করিতে হইবে এবং কোন কারণে স্থাপনাটি দুর্বল হইয়া পড়িলে তাহা খুব দ্রুত মেরামত করিতে হইবে। সকল প্রকার ধাতব উপকরণ প্রতি বছর একবার করিয়া রং করিতে হইবে। সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা না হইলে রেলওয়ে কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিজ্ঞাপন সাইন সংশ্লিষ্ট মালিক নিজ খরচে সরাইয়া নিতে বাধ্য থাকিবে।

**১২.০২ পরিদর্শন :**

রেলওয়ের সংশ্লিষ্ট বিভাগ বা শাখা অথবা রেলওয়ের উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্ত কোন কর্মকর্তা বা মন্ত্রণালয়ের কোন কর্মকর্তা যে কোন সময় যে কোন বিজ্ঞাপন সাইন পরিদর্শন করিতে পারিবে। সাইন মালিক পরিদর্শনকারী কর্মকর্তাকে সকল প্রকার সহযোগিতা ও পরিদর্শনের জন্য প্রবেশাধিকার নিশ্চিত করিতে বাধ্য থাকিবে।

**১৩.০০ বাৎসরিক ভাড়া ও জামানত :**

(১) নীতিমালা সংশোধন সাপেক্ষে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ধার্য্যকৃত বাৎসরিক ভাড়া/ফি এর হার পুনঃনির্ধারণ করিতে পারিবে এবং সেই অনুযায়ী বিজ্ঞাপন সাইন এর মালিক ভাড়া/ফি পরিশোধ করিবেন।

(২) অনুমোদনপ্রাপ্ত বিজ্ঞাপন সাইনের মালিক মোট বাৎসরিক ভাড়া/ফি এর ২০% জামানত হিসেবে বাংলাদেশ রেলওয়েকে প্রদান করিবেন। বাৎসরিক ভাড়া/ফি সম্পূর্ণ পরিশোধ করিবার পর বাংলাদেশ রেলওয়ে এবং সংশ্লিষ্ট মালিকের মধ্যে চুক্তি সম্পাদিত হইবে।

(৩) অনুমোদনপ্রাপ্ত বিজ্ঞাপন সাইনের মালিক লিখিত নোটিশ প্রাপ্তির ২(দুই) সপ্তাহের মধ্যে বাংলাদেশ রেলওয়ের অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সংশ্লিষ্ট জনসংযোগ বিভাগে ভাড়া/ফি এবং জামানতের অর্থ পরিশোধ করিবেন। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জাল বা ভূয়া প্রমাণিত হইলে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সংস্থাকে কালো তালিকাভুক্ত করা হইবে এবং বরাদ্দাদেশ বাতিলসহ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**১৩.০১ বিজ্ঞাপন কর, ভাড়া, জামানত, সার্ভিস চার্জ ইত্যাদি পরিশোধ :**

বিজ্ঞাপন বোর্ডের ব্যাপারে বাংলাদেশ রেলওয়ে যেই হারে ভাড়া, চার্জ বা ফি নির্ধারণ করিবে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সাইনের মালিক তাহা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং বিজ্ঞাপন বোর্ডে ব্যবহৃত বিদ্যুৎ, পানি, গ্যাস বা অন্য কোন সার্ভিস ব্যবহৃত হইলে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সাইনের মালিক তাহার জন্য প্রয়োজনীয় চার্জ, ফি বা বিল পৃথকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাসময়ে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

**১৪.০০ সংরক্ষিত সাইন এলাকা :**

(ক) কর্তৃপক্ষ জনকল্যাণের স্বার্থে যে কোন এলাকাকে সংরক্ষিত সাইন এলাকা হিসেবে ঘোষণা করিতে পারিবেন;

(খ) সংরক্ষিত সাইন এলাকায় সাইন প্রদর্শন নিষিদ্ধ অথবা কর্তৃপক্ষের বিবেচনায় সংরক্ষণের প্রয়োজনীয়তা দেখা দিলে বিশেষ ক্ষেত্রে শুধুমাত্র বিশেষায়িত (Classified) সাইন স্থাপনের অনুমতি প্রদান করা হইবে;

(গ) কর্তৃপক্ষ প্রয়োজনে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে উল্লিখিত নিয়মাবলি যে কোন সময় পরিবর্তন পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করিতে পারিবেন।

**১৫.০০ বিজ্ঞাপন ফলক প্রদর্শন :**

বরাদ্দ গ্রহীতা বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি পাওয়ার ৩০ দিনের মধ্যে অবশ্যই বিজ্ঞাপন সাইন স্থাপন করিবেন। অন্যথায় বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি উক্ত সময়সীমা অতিবাহিত হইবার সংগে সংগে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে এবং বাংলাদেশ রেলওয়ের পাওনা, সংশ্লিষ্ট বিজ্ঞাপন বোর্ড এ মালিকের জামানতের অর্থের সহিত সমন্বয় করিয়া অবশিষ্ট অর্থ (যদি থাকে) ফেরত প্রদান করা হইবে। তবে শর্ত থাকে যে, বরাদ্দ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে বিশেষ বিবেচনায় অতিরিক্ত ১০% বিজ্ঞাপন ফি প্রদান সাপেক্ষে অনধিক ১৫ (পনের) দিন সময় বর্ধিত করিতে পারিবে।

**১৬.০০ বাতিলকৃত বরাদ্দাদেশ পুনর্বহাল :**

নীতিমালার শর্ত ভঙ্গজনিত কারণ ব্যতিরেকে অন্য কোন কারণে কোন বরাদ্দাদেশ বাতিল করা হইলে বিজ্ঞাপন বোর্ডের জন্য ধার্য্যকৃত ৬(ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জরিমানা হিসাবে ৩০(ত্রিশ) দিনের মধ্যে জমা প্রদান করিয়া বরাদ্দ পুনর্বহাল এর জন্য আবেদন করিতে পারিবে এবং এই ক্ষেত্রে বরাদ্দ কমিটি কর্তৃক আবেদন বিবেচিত হইলে বরাদ্দাদেশ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পুনর্বহাল করা যাইবে অন্যথায় প্রদত্ত অর্থ ফেরত দেওয়া হইবে।

**১৭.০০ জরিমানা :**

এই নীতিমালায় বর্ণিত কোন শর্ত অগ্রাহ্য করিয়া যদি কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা বিজ্ঞাপন বোর্ড স্থাপন, স্থানান্তর, পুনঃস্থাপন অথবা এতদসংক্রান্ত কোন কাজ করিয়া থাকে তাহা হইলে—

(ক) উক্ত অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(খ) জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

(গ) গুরুতর অপরাধের ক্ষেত্রে কালো তালিকাভুক্ত করা হইবে।

(ঘ) উচ্ছেদ কাজের জন্য ব্যয়িত অর্থ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(ঙ) ১ম পক্ষ কর্তৃক উদ্দেশ্যমূলকভাবে দায়েরকৃত মামলার কারণে দীর্ঘ বিলম্ব হলে উক্ত মামলাকালীন সময়ের উপযুক্ত ক্ষতিপূরণ ২য় পক্ষকে দিতে হইবে।

**১৮.০০ বাণিজ্যিক বিজ্ঞাপন সাইনের ভাড়া/ফি আদায় পদ্ধতি :**

১৮.০১ নতুন বরাদ্দ গ্রহীতার অনুকূলে পাওনা ভাড়া/ফি আদায়ের জন্য জনসংযোগ দপ্তর হইতে ডিমান্ড নোটিশ জারী করা হইবে। ডিমান্ড নোটিশ এর এক কপি এফএএন্ডসিএও/ চট্টগ্রাম বা রাজশাহী দপ্তরে, এক কপি প্রাপকের নিকট এবং এক কপি জনসংযোগ দপ্তরে থাকিবে। প্রাপকের নিকট পাঠানোর ক্ষেত্রে ডিমান্ড নোটিশের কপি রেজিস্টার্ড ডাকযোগে পাঠানো হইবে এবং দাপ্তরিক পিয়ন বুক ও রেজিস্টারে এতদসংক্রান্ত তথ্য সংরক্ষণ করিতে হইবে। সংশ্লিষ্ট জনসংযোগ কর্মকর্তা ডিমান্ড নোটিশ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করিবেন।

১৮.০২ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ভাড়া/ফি এর হার বৃদ্ধি করা হইলে সেই ক্ষেত্রে বর্ধিত ভাড়া/ফি এর জন্য অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য বরাদ্দ গ্রহীতাকে ডিমান্ড নোটিশ প্রদান করা হইবে।

১৮.০৩ জনসংযোগ দপ্তরে বিজ্ঞাপন সাইন সংক্রান্ত একটি আলাদা রেজিস্টার থাকিবে। এই রেজিস্টারে বরাদ্দ গ্রহীতার নাম ও ঠিকানা, বিজ্ঞাপন বোর্ডের স্থান, সাইজ ও ধরন, ভাড়া/ফি এর হার, মেয়াদ, ডিমান্ড নোটিশ এর নম্বর, প্রেরণের ও প্রাপ্তির তারিখ, প্রদানকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর, তারিখ ও ব্যাংকের নামসহ বাৎসরিক ভাড়া/ফি এর টাকার পরিমাণ আলাদা কলামে উল্লেখ করিতে হইবে। বরাদ্দ গ্রহীতা কর্তৃক প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নগদায়নের স্বপক্ষে হিসাব বিভাগের সনদ সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করিতে হইবে।

**১৯.০০ বাণিজ্যিক বিজ্ঞাপন সাইনের ভাড়া/ফি-এর বাৎসরিক হার :**

সার্বিক বিবেচনায় এলাকাভিত্তিক বাণিজ্যিক বিজ্ঞাপন বোর্ডের বাৎসরিক ভাড়া/ফি-এর সর্বনিম্ন হার নিম্নরূপ নির্ধারণ করা হইল যাহা ০১-০৭-২০১৩ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

| এলাকা | ন্যূনতম বিজ্ঞাপন ফি (বাৎসরিক প্রতি বর্গফুট) | |
|---|---|---|
| | বিদ্যুৎবিহীন | বিদ্যুৎতায়িত |
| (ক) ঢাকা মেট্রোপলিটান (ঢাকা, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা, টংগী ও নারায়ণগঞ্জ শহর) চট্টগ্রাম মহানগর এলাকা। | ২৭৫.০০ | ৩০০.০০ |
| (খ) সিলেট, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগীয় শহর এলাকা। | ১৭৫.০০ | ২০০.০০ |
| (গ) অন্যান্য এলাকা | ১০০.০০ | ১২৫.০০ |
| (ঘ) আলোকিত বিজ্ঞাপন বোর্ড (নিয়ন সাইন)-এর জন্য উল্লিখিত হারে ভাড়া পরিশোধসহ বিজ্ঞাপন বোর্ডের মালিকগণ নিজ দায়িত্বে বিদ্যুৎ সংযোগ ও বিদ্যুৎ বিল পরিশোধ করিবেন। | | |

**১৯.০১ যাত্রীবাহি ট্রেনের কোচের অভ্যন্তরে বিনোদনমূলক অনুষ্ঠান প্রদর্শন সাপেক্ষে মনিটর-এর মাধ্যমে বিজ্ঞাপন প্রদর্শন :**

কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাবলী পালন করা সাপেক্ষে সর্বোচ্চ ৩(তিন) বৎসরের জন্য যাত্রীবাহী ট্রেনের কোচের অভ্যন্তরে চিত্তবিনোদনমূলক অনুষ্ঠান মনিটরের মাধ্যমে প্রদর্শন সাপেক্ষে অনুমোদিত বিজ্ঞাপন প্রচার করা যাইবে। এই ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের অনুমোদন লাগিবে (সর্বোচ্চ স্ক্রিন=২′ × ১.৫′, প্রতি বর্গফুট ৩০০ টাকা, বিনোদন সময় ঃ বিজ্ঞাপন সময়=৭০ ঃ ৩০)।

**২০.০০ তালিকা সংরক্ষণ ও বিতরণ ঃ**

এই নীতিমালার আওতায় যাহাদের অনুকূলে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমোদন দেওয়া হইবে উহার একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করিতে হইবে এবং উক্ত তালিকার একটি করিয়া কপি সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী, সিসিএম এবং প্রধান ভূসম্পত্তি কর্মকর্তা বরাবর প্রেরণ করিতে হইবে।

সংলগ্নী-১

দুই কপি
ছবি

**বাংলাদেশ রেলওয়ে**

**জনসংযোগ বিভাগ**

বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন বোর্ড স্থাপনের নীতিমালা-২০১৩ অনুযায়ী বিজ্ঞাপন বোর্ড স্থাপনের আবেদন পত্র

১। আবেদনকারী/প্রতিষ্ঠান/সংস্থার নাম ঃ

২। পিতা/স্বামীর নাম ঃ

৩। (ক) পূর্ণ ঠিকানা (বর্তমান) ও ফোন/মোবাইল, ই-মেইল ও জাতীয় পরিচয় পত্র নং ঃ

(খ) স্থায়ী ঠিকানা ঃ

৪। বিজ্ঞাপন বোর্ড স্থাপনের আবেদিত স্থানের বিবরণ ঃ

৫। বিজ্ঞাপন সাইনের ধরন ঃ

৬। বিজ্ঞাপন সাইনের পরিমাপ ঃ

৭। আবেদিত স্থানের স্কেল অনুযায়ী লোকেশন প্ল্যান বা নকশা এবং বিজ্ঞাপন সাইন বোর্ডের এলিভেশন প্ল্যান বা ডিজাইন আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে।

৮। আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়ন পত্র (তফসীলভুক্ত ব্যাংকের), হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, টিআইএন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

৯। আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অংগীকার করিতেছি যে, আমার প্রদত্ত উপর্যুক্ত সকল বিবরণী সত্য ও সঠিক এবং অমি এ যাবতীয় নিয়মাবলী ও বিধি-নিষেধ মানিয়া চলিতে বাধ্য থাকিব। অন্যথায় বাংলাদেশ রেলওয়ে যে কোনো সময় আমার অনুমতি বাতিল করিতে পারিবে এবং আমার বিরুদ্ধে নীতিমালায় বর্ণিত ব্যবস্থার আওতায় যে কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবে। কোন কারণে আমার বিজ্ঞাপন বরাদ্দ বাতিল করা হইলে আমি নির্ধারিত সময়ের মধ্যে বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিয়া দিতে বাধ্য থাকিব। অন্যথায় স্থাপিত বিজ্ঞাপন বোর্ড রেলওয়ে কর্তৃপক্ষ উচ্ছেদ করিয়া ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে।

১০। আবেদন পত্রের সাথে সংযুক্ত তথ্য বিবরণী পূরণপূর্বক দাখিল করিতে হইবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ ঃ

নাম.......................................

পদবী.......................................

ঠিকানা.......................................

ফোন ঃ.......................................

আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd